

## 💵 কুরআন ও সহীহ হাদীসের আলোকে নিষিদ্ধ কর্মকান্ড

বিভাগ/অধ্যায়ঃ কুরআন ও হাদীসে বর্ণিত নিষিদ্ধ কর্মসমূহ রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

১১৯. কোন ফর্য নামায পড়ার পর পরই সেখানেই অন্য কোন নফল বা সুন্নাত নামায আদায় করা

মু'আবিয়া (রা.) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সা.) ইরশাদ করেন:

"কোন সুন্নাত কিংবা নফল নামায কোন ফরয নামায পড়ার পর পরই তার সাথে মিলিয়ে পড়ো না যতক্ষণ না তুমি কোন কথা বলবে অথবা মসজিদ থেকে বের হয়ে যাবে"।[1]

মু'আবিয়া (রা.) থেকে আরো বর্ণিত তিনি বলেন: রাসূল (সা.) ইরশাদ করেন:

"তোমাদের কেউ জুমু'আর নামায পড়লে সে যেন এর পর পরই অন্য কোন নামায না পড়ে যতক্ষণ না সে কোন কথা বলে অথবা মসজিদ থেকে বের হয়ে যায়"।[2]

## ফুটনোট

- [1] (মুসলিম, হাদীস ৮৮৩ আবু দাউদ, হাদীস ১১২৯)
- [2] (মুসলিম, হাদীস ৮৮৩ আবু দাউদ, হাদীস ১১২৯)

• Source — https://www.hadithbd.com/books/link/?id=11369

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন